ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স-৯৮৫
সাব্রুম, ০১ জুন, ২০২৫

**লুধুয়া চা বাগানকে ইকো ট্যুরিজম পার্ক হিসেবে গড়ে তোলা হবে ঃ পর্যটনমন্ত্রী**

রাজ্যের নৈসর্গিক সৌন্দর্যকে বিশ্ব মানচিত্রে তুলে ধরতে পর্যটন দপ্তর কাজ করছে। এরই অঙ্গ হিসেবে লুধুয়া চা বাগানকে ইকো ট্যুরিজম পার্ক হিসেবে গড়ে তোলা হবে। এরজন্য ইতিমধ্যে একটি বৃহৎ প্রকল্প হাতে নেওয়া হয়েছে। প্রাথমিক পর্বে প্রায় ৩২ কোটি টাকার ডিপিআর তৈরি করা হচ্ছে। আজ সাব্রুমস্থিত লুধুয়া চা বাগান ও তার সংলগ্ন স্থান পরিদর্শনকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে একথা বলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি বলেন, আগামী কয়েক মাসের মধ্যে এই চা বাগানকে ইকো ট্যুরিজম পার্ক হিসেবে গড়ে তোলার কাজ শুরু হয়ে যাবে। এই চা বাগানে নৌকাবিহারের সুবিধাযুক্ত জলাশয়, ক্যাফেটোরিয়া, রোপওয়ে, ফুটব্রীজ, বসার জায়গা, লগ হাট নির্মাণ সহ বিভিন্ন ঔষধী গাছ ও ফুলের গাছের বাগান তৈরী করা হবে।

সাংবাদিকদের সাথে মত বিনিময়ে পর্যটনমন্ত্রী আরও বলেন রাজ্য সরকার পর্যটন শিল্পকে আগামী ২-৩ বছরের মধ্যে এক অনন্য উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য কাজ করে যাচ্ছে। রাজ্য ও বহির্রাজ্যের পর্যটকগণ যাতে রাজ্যের যেকোন পর্যটনস্থানে গিয়ে সকল ধরনের সুবিধা পেতে পারেন তার জন্য পরিকল্পনা নিয়ে কাজ করা হচ্ছে। রাজ্যের পর্যটন শিল্পের বিকাশের মাধ্যমে বেকারদের কর্মসংস্থানের সুযোগও সম্প্রসারিত হবে। পর্যটনমন্ত্রী আশা প্রকাশ করেন লুধুয়া চা বাগান অচিরেই পর্যটকদের পছন্দের স্থান হয়ে উঠবে। পরিদর্শন কালে পর্যটন মন্ত্রীর সঙ্গে ছিলেন প্রক্তন বিধায়ক শঙ্কর রায়, পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগি, মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত, কার্যনির্বাহী বাস্তুকার সুনীল পোদ্দার প্রমুখ।

*****